দৈনিক বাংলা

তারিখ 10 OCT 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ৫

10

# রাজশাহী ভার্সিটিতে সর্বদলীয় বৈঠক

রাজশাহী, ৯ই অক্টোবর (বাসস)।– সব রাজনৈতিকদল ও তাদের ছাত্র সংগঠন ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সহযোগিতা করার অঙ্গীকার করেছে। আজ রাকসু ভবনে অনুষ্ঠিত এক বৈঠকে এই অঙ্গীকার

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

করা হয়।

নেতৃবৃন্দ বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস ও নৈরাজ্যমূলক পরিস্থিতি বিরাজ করতে থাকলে দেশের সমৃদ্ধি অর্জন সম্ভব হবে না।

বৈঠকে সভাপতিত্ব করেন রাজশাহী সিটি করপোরেশনের মেয়র মিজানুর রহমান মানু। বিএনপি, আওয়ামী লীগ, ন্যাপ, সিপিবি, জাসদ (ইনু) ও তাদের ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বৈঠকে যোগ দেন।

আন্তরিক পরিবেশে অনুষ্ঠিত এই বৈঠকে নেতৃবৃন্দ বলেন, এক সন্ত্রাস আরেক সন্ত্রাস সৃষ্টি করে। তাই কাউকে তা করতে দেয়া হবে না। কেউ যাতে সন্ত্রাসমূলক কার্যকলাপকে উস্কানি দিতে না পারে সেজন্য তারা সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান।